

মেইল ও রেজিঃ ডাক যোগে  
তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৬৪.২০১৮. ২৪০৮

তারিখঃ ৪ পৌষ, ১৪২৫।  
৪ ডিসেম্বর, ২০১৮।

বিষয় : রিট পিটিশন নং ১০৬৭৯/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র প্রেরণ।

সূত্র : ১) ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৬৪.২০১৮-১১২৯, তারিখ ২৩ অক্টোবর ২০১৮  
২) জেপ্রাশিঅ/মাণ্ড/১৩১৬, তারিখ ২৬.১১.২০১৮

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোসা: শামছুল্লাহার, প্রধান শিক্ষক (দাবীকৃত), রায়পুর কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা: মোহাম্মদপুর, জেলা: মাগুরা- তিনি ০১.০১.২০১৩ তারিখ হতে বেতনের সরকারি অংশ ও উৎসব ভাতা প্রাপ্তির দাবিতে মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং ১০৬৭৯/২০১৮ দায়ের করেন। উক্ত রিটের দফাওয়ারী জবাব ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র চেয়ে সূত্রোক্ত স্মারকে আপনার বরাবর প্রেরণ করা হয়েছিল। কিন্তু আপনার ২নং স্মারকে প্রেরিত পত্রে দফাওয়ারী ইংরেজি জবাব পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১০৬৭৯/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব আগামী ২৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

এই বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না, কোন প্রকার দায়িত্বে অবহেলার কারণে সরকার পক্ষ ক্ষতিগ্রস্ত হলে এর যাবতীয় দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

মুহাম্মদ রুকিবুল ইসলাম তালুকদার  
সহকারী পরিচালক (আইন কোষ)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,  
মাগুরা

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৬৪.২০১৮. ২৪০৮/১

তারিখঃ ০৪ পৌষ ১৪২৫।  
৪ ডিসেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা (তাকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।  
২। সংরক্ষণ নথি।

মুহাম্মদ রুকিবুল ইসলাম তালুকদার  
সহকারী পরিচালক (আইন কোষ)